হে আল্লাহর রাসূল! আমি জাহেলী যুগে মসজিদুল হারামে এক রাত অন্য বর্ণনায় এক দিন ই‘তিকাফ করার মানত করেছি। তিনি বললেন, তোমার মানত পূরণ কর।

‘উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম “হে
আল্লাহর রাসূল! আমি জাহেলী যুগে মসজিদুল হারামে এক রাত অন্য বর্ণনায় এক দিন ই‘তিকাফ করার মানত করেছিলাম। তিনি বললেন, তোমার মানত পূরণ কর।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু জাহেলী যুগে মসজিদুল হারামে এক রাত ই‘তিকাফ করার মানত করেছিলেন। তাই তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে তার মানতের হুকুম সম্পর্কে জিজ্ঞেস করলেন যা তিনি জাহেলী যুগে করেছিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তার মানত পূর্ণ করার নির্দেশ দিলেন। তাইসীরুল আল্লাম (পৃ. ৩৫৩), তানভীহুল আফহাম (৩/৪৮০)

http://www.sunnah.global/hadeeth/bn/show/4548